রংপুর সিটি কর্পোরেশন কার্যালয়
'বাজার শাখা'
www.rpcc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

"০১/০১/২০২০ইং হইতে ৩১/১২/২০২০ইং পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে সিটি কর্পোরেশনাধীন মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

স্মারক নংঃ ৪৬.১৮.০০০০.৪০৪.২৮.৯৯.০০৬.১৯-২৭৯

তারিখঃ ১০ই অগ্রহায়ন ১৪২৬ বঙ্গাব্দ
২৫/১১/ ২০১৯ খ্রিষ্টাব্দ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর সিটি কর্পোরেশনাধীন মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগার ০১/০১/২০২০ইং হইতে ৩১/১২/২০২০ইং পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে ইজারার নিমিত্তে সরকারী নীতিমালা অনুযায়ী সিডিউলে বর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী দরদাতাগণের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১। দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ছকে বর্ণিত তারিখ মোতাবেক অফিস চলাকালীন সময় পর্যন্ত (ছুটির দিন ছাড়া) রংপুর সিটি কর্পোরেশনের বাজার শাখা হতে সংগ্রহ করা যাবে এবং দরপত্র ছকে বর্ণিত তারিখ ও সময় মোতাবেক অত্র কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত দিনে দুপুর ১:০০ টা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ৩:০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতার সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্রসমূহ খোলা হবে।

২। রংপুর সিটি কর্পোরেশনের নির্ধারিত সিডিউল ছাড়া মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগার বাৎসরিক ইজারা গ্রহণের দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৩। দরপত্রে দাখিলকৃত ইজারা মূল্যের ৩০%অর্থ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জামানত হিসাবে দরপত্রের সাথে দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগারের পরিস্কার পরিচ্ছন্নতার দায়-দায়িত্ব গণশৌচাগার ইজারাদারকে বহন করতে হবে। গণশৌচাগার যথাযথভাবে পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে জামানত অর্থ হতে তাহা মিটানো হবে। ইজারার মেয়াদ সমাপনান্তে জামানতের টাকা সন্তোষজনক শর্তে জমাকারীর বরাবরে প্রত্যর্পন করা হবে। যে কোন তফসিলী ব্যাংক থেকে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করা যাবে। অকৃতকার্য দরপত্র দাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কর্তৃপক্ষের সিদ্ধান্তের পর ফেরৎ দেয়া হবে। দরপত্রে কোন প্রকার কাটা-কাটি বা ঘষামাজা চলবে না।

৪। দরপত্র দাতা কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে দরপত্রের সাথে দাখিলকৃত জমার ২৫%অর্থ সমন্বয় করতঃ ইজারার অবশিষ্ট ৭৫% অর্থ এবং ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করবেন। অন্যথায় সমুদয় জামানত বাজেয়াপ্ত করে মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগার পুনরায় ইজারা দেয়া হবে।

৫। ইজারাদার কোন ক্রমেই মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হলে অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে। শর্ত আরোপ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৬। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। ইজারাদার নিজ খরচে মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

৮। অনুমোদিত দরপত্র দাতাকে মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগার হস্তান্তর করার পূর্বে ইজারা গ্রহণ সম্পর্কে কর্তৃপক্ষের নির্দেশনানুযায়ী বিভিন্ন শর্ত সম্বলিত ২৫০/-টাকা মূল্যমানের ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগার দখল হস্তান্তর করা হবে না।

৯। সরকার অনুমোদিত বর্তমানে টোল আদায়ের যে হার বা রীতি-নীতি প্রচলিত আছে সে হারে বা রীতিতে ইজারাদার টোল আদায় করতে বাধ্য থাকবেন। বিনা রশিদে টোল আদায় করা যাবে না।

১০। অফিস চলাকালীন সময় দরপত্র দাখিল সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সিটি কর্পোরেশনের 'বাজার শাখা' হতে জানা যাবে।

১১। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও গণশৌচাগারের নাম স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

১২। মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগার ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৩। সরকার যদি ইজারা গ্রহীতার প্রদেয় হিসাবে আর কোন কর সংযোজন করে ইজারাদার তাহা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

১৪। টোলরেট প্রস্রাব ৩/-টাকা ও পায়খানা ৫/-টাকা নির্ধারিত। এই হারের অতিরিক্ত গ্রহণ করা যাবে না।

১৫। উপর্যুক্ত যে কোন শর্ত খেলাপ করলে বা পালন করতে গাফিলতি করলে ইজারা বন্দোবস্তের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল করা যাবে এবং জমাকৃত ইজারা অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ছক-"ক"

টেন্ডারের দফা	দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ (বিকাল ৩:৩০ ঘটিকা পর্যন্ত)	দরপত্র গ্রহণের তারিখ (বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত)	দরপত্র বাক্স খোলার তারিখ (বিকাল ৩:০০ ঘটিকা)
১ম দফা	০৪/১২/১৯ইং	০৫/১২/১৯ইং	
২য় দফা	১১/১২/১৯ইং	১২/১২/১৯ইং	
৩য় দফা	১৮/১২/১৯ইং	১৯/১২/১৯ইং	

ছক-"খ"

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	সরকারী মূল্য	সিডিউল মূল্য (অফেরতযোগ্য)	মন্তব্য
০১	মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগার	২,৭৪,৬১১/-	১,২০০/-	

মোঃ মোস্তাফিজার রহমান
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৫৬৭৮৪
ই-মেইল ঃ mayor@rpcc.gov.bd

স্মারক নংঃ ৪৬.১৮.০০০০.৪০৪.২৮.৯৯.০০৬.১৯- তারিখঃ ———— ১৪২৬ বঙ্গাব্দ / ২০১৯ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ। তাঁকে দরপত্র দাখিলের দিন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ নিয়োগের জন্য অনুরোধ করা হলো।
৩। জেলা প্রশাসক, রংপুর।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর।
৬। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৭। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর।
৯। তত্ত্বারধায়ক প্রকৌশলী, রংপুর সিটি কর্পোরেশন।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১১। সভাপতি, চেম্বার-অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, রংপুর।
১২। সম্পাদক.....................তাঁকে এতদসঙ্গে সংযোজিত বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় স্বল্পপরিসরে ৪ × ৯" কলামে.......................ইং তারিখে ১ দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৩। নোটিশ বোর্ড, রংপুর সিটি কর্পোরেশন।
১৪। অফিস কপি।

স্বাঃ
মোঃ মোস্তাফিজার রহমান
মেয়র
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন ঃ ০৫২১-৫৬৭৮৪
ই-মেইল ঃ mayor@rpcc.gov.bd